যুগান্তর

তারিখ ...11 AUG 2016...
পৃষ্ঠা ...৬... কলাম ...৬...

বিশ্ববিদ্যালয় শিক্ষক

# বেতন বৈষম্য নিরসনে প্রস্তাব তৈরি করছে ইউজিসি

যুগান্তর রিপোর্ট

পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বেতন বৈষম্য নিরসনে প্রস্তাব তৈরি করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। নতুন পে-স্কেলে বেতন-ভাতা বিষয়ে বৈষম্য দূর করার লক্ষ্যে গঠিত মন্ত্রিসভা কমিটির নির্দেশনার আলোকে সংস্থাটি এ কাজ করছে। পাশাপাশি পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য অভিন্ন নিয়োগ-পদোন্নতি নীতিমালাও তৈরি করছে ইউজিসি। বুধবার এ উপলক্ষে ইউজিসিতে সভা আয়োজন করা হয়। এতে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদ ও মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামালসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। সভাপতিত্ব করেন ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা। সভা শেষে অধ্যাপক মাকসুদ কামাল জানান, প্রাথমিক আলোচনা শেষ হয়েছে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং শিক্ষক নেতাদের সঙ্গে আরও আলোচনা শেষে ইউজিসি নীতিমালাটি চূড়ান্ত করবে।

সভায় শিক্ষক নেতারা বিশ্ববিদ্যালয় পর্যায়ে উচ্চশিক্ষার মান সমুন্নত রাখা এবং মেধা লালনের জন্য গ্রহণযোগ্য ও সময়োপযোগী অভিন্ন নিয়োগ ও পদোন্নতি নীতিমালা সময়ের দাবি বলে মন্তব্য করেছেন। তারা মনে করেন, এতে বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষকদের মধ্যে বৈষম্য দূর হবে এবং শিক্ষার মানও উন্নত হবে। তবে শিক্ষকদের বৈষম্য নিরসনে অবশ্যই যুগোপযোগী পদক্ষেপ নিতে হবে। নইলে উচ্চশিক্ষা ক্ষতিগ্রস্ত হবে। সভায় ইউজিসি চেয়ারম্যান বলেন, বর্তমানে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগের সমন্বিত নীতিমালা না থাকায় শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে জ্ঞান বিজ্ঞানে বৈষম্য পরিলক্ষিত হয়।